

আন-নাযি'আত | An-Nazi'at | النَّازِعَات

আয়াতঃ ৭৯ : ২

আরবি মূল আয়াত:

وَالنَّشِيطَاتِ نَشِطًا ﴿٢﴾

অনুবাদসমূহ:

আর কসম সহজভাবে বন্ধনমুক্তকারীদের। — আল-বায়ান

আর যারা (নেককারদের আত্মা) খুবই সহজভাবে বের করে, — তাইসিরুল

এবং যারা মৃদুভাবে বন্ধন মুক্ত করে দেয়, — মুজিবুর রহমান

And [by] those who remove with ease — Sahih International

২. আর মৃদুভাবে বন্ধনমুক্তকারীদের(১)

(১) এটা যাদের শপথ করা হয়েছে সে ফেরেশতাগণের দ্বিতীয় বিশেষণ। বলা হয়েছে যে, যে ফেরেশতা মুমিনের রুহ কবজ করার কাজে নিয়োজিত আছে, সে আনায়াসে রুহ কবজ করে- কঠোরতা করে না। প্রকৃত কারণ এই যে কাফেরের আত্মা বের করার সময় থেকেই বরযাখের আযাব সামনে এসে যায়। এতে তার আত্মা অস্থির হয়ে দেহে আত্মগোপন করতে চায়। ফেরেশতা জোরে-জবরে টানা-হেঁচড়া করে তাকে বের করে। পক্ষান্তরে মুমিনের রুহের সামনে বরযাখের সওয়াব নেয়ামত ও সুসংবাদ ভেসে উঠে। ফলে সে দ্রুতবেগে সেদিকে যেতে চায়।
[কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

২। শপথ তাদের; যারা মৃদুভাবে (মু'মিনদের প্রাণ) বের করে।[1]

[1] শব্দের অর্থ হল গিরা খুলে দেওয়া। অর্থাৎ, ফিরিশতা মু'মিনদের আত্মা খুব সহজ ও মৃদুভাবে বের করে থাকেন; যেমন কোন জিনিসের গিরা খুলে দেওয়া হয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5714>

হাদিসবিডি প্রজেক্টে অনুদান দিন